গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

**বিষয়: অক্টোবর/২০২২ মাসের নড়াইল সদর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

সহযোগিতায়:
সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

স্থান : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল এর অফিস কক্ষ

তারিখ : ৩০/১০/২০২২ খ্রি.

সময় : বেলা- ১১: ৩০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকল সদস্যদের অনুরোধ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রারম্ভিক বক্তব্যে সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করত: আলোচ্যসূচি অনুযায়ী সকলকে বক্তব্য প্রদানের আহ্বান জানান।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১। স্থায়ী কমিটির সুপারিশসমূহ:** উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, চলতি মাসে অনুষ্ঠেয় স্থায়ী কমিটির দুইটি সভার কার্যবিবরণী পাওয়া যায় পাওয়া গেছে। সকল স্থায়ী কমিটির নিয়মিতভাবে সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব |
| **২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দুইটি উপ-প্রকল্প যথাক্রমে বোড়ামারা অটিজম ও প্রতিবন্ধী বিদ্যালয়ের শ্রেণিকক্ষ বৃদ্ধিকরণ এবং চারিখাদা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ এর কাজ চলমান আছে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে নড়াইল সদর উপজেলায় ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ করা হয় এবং প্রকল্পগুলির কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ ঠিকাদার যাতে প্রাক্কলন মোতাবেক করে সে বিষয়ে তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয় এবং ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের খরচের হিসাব বিবরণীসহ বিল ভাউচার দ্রুত প্রকল্প প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর<br><br>ইউডিএফ, নড়াইল সদর |
| **৩। উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগীয় ইপিআই কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। ইপিআই কার্যক্রমের আওতায় সেপ্টেম্বর/২২ মাসে বিসিজি টিকা প্রদান করা হয়েছে ৪৭৩টি, পেন্টা ও পি.সি.ভি মোট ১১৮২ টি করে মোট-২২৬৪টি, এম.আর ৮০৮টি এবং মহিলাদের টিকা লক্ষ্যমাত্রা ৪৭৬৪ অর্জন ৬৫০ যার মধ্যে ১২০ জন গর্ভবতী। কোভিড টিকাদান কার্যক্রমের আওতায় মোট গণটিকা প্রদানের সংখ্যা-৮৪০৩টি, সদর উপজেলা টিকা কেন্দ্রে টিকা দেয়া হয়েছে-৩৩৪টি, মোট নমুনা সংগ্রহ সংখ্যা-১৪টি এর মধ্যে ০০টি পজিটিভ। সেপ্টেম্বর/২০২২ মাসে মোট মৃত্যুর সংখ্যা- ০০ জন এবং এ বছরে মোট মৃত্যুর সংখ্যা-০০ জন। তিনটি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সেপ্টেম্বর/২০২২ মাসে বহি:বিভাগে মোট ২৫৬৩ জন রোগীর প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ৩১টি সিসিতে সেপ্টেম্বর/২০২২ মাসে মোট ২০৫৭৩ জনকে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ নড়াইল সদর উপজেলা পরিষদ কেন্দ্রে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ৪। **উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর |
| ৫। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৬। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার দপ্তর হতে সেপ্টেম্বর/২০২২ মাসে বিভিন্ন কার্যক্রমের মধ্যে গবাদি পশুর টিকা প্রদান সংখ্যা ৭৮২০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান সংখ্যা-৭৫০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সংখ্যা-২৫১৬টি, হাঁস-মুরগীর চিকিৎসা সংখ্যা-৯৮৯৮টি, কৃত্রিম প্রজনন সংখ্যা (তরল+হিমায়িত)-১১৬৬টি, কৃত্রিম প্রজনন থেকে বাচ্চা জন্মের সংখ্যা-৪২৯টি, দারিদ্র বিমোচন লোন আদায় হয়নি। কৃত্রিম প্রজনন থেকে রাজস্ব আয় হয়েছে-৩০৬৯০/- টাকা, হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকাবীজ থেকে রাজস্ব আয়-১৯৪৭৫/- টাকা এবং গবাদি পশুর রেজিস্ট্রেশন হতে আয়-২৩০০০/- টাকা এবং পশুখাদ্য রেজিস্ট্রেশন হতে ১০৭০০/- টাকাসহ মোট রাজস্ব প্রাপ্তি ৮৩৮৭৫/-টাকা। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নড়াইল সদর |
| ৭। **উপজেলা মৎস্য বিভাগ:** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২২ মাসে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে বিভিন্ন মাছ বাজার পরিদর্শন এবং সচেতনতা সভা অব্যাহত আছে। তিনি আরও জানান দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ প্রকল্পের আওতায় বিভিন্ন প্রাতিষ্ঠানিক জলাশয়ে এবং উন্মুক্ত জলাশয়ে রুই জাতীয় পোনা মাছ উন্মুক্ত করা হয়েছে এবং উক্ত প্রকল্পের বিকল্প কর্মসংস্থানের জন্য ২০টি সুফলভোগী দল জাল সরবরাহের জন্য ২০টি সুফলভোগী দল, মৎস্য অভয়াশ্রম স্থাপনের জন্য প্রস্তাবিত তালিকা, বিল নার্সারী স্থাপনের জন্য প্রস্তাবিত তালিকা, খাঁচা স্থাপনের মাধ্যমে মাছ চাষ প্রস্তাব, পেন কালচারের মাধ্যমে মাছ চাষ করার প্রস্তাব প্রণয়ন কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। এ মাসে মোট ২৬ জন মৎস্য চাষীর মাঝে মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়েছে এবং ১৪টি মৎস্য ঘের সরেজমিনে পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য আড়ত, ফিস ল্যান্ডিং সেন্টার ও মাছ বাজারে গণসচেতনতা সভা ও পরিদর্শন অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের বিভিন্ন দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ প্রকল্পের কার্যক্রম যেমন মৎস্য অভয়াশ্রম, বিল নার্সারি স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান তার বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | আলোচনান্তে স্বাস্থ্যবিধি অনুসরণ করে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে নিয়মিত বাজার পরির্দন, গণসচেতনতা সভার আয়োজন, মাছের ঘের পরিদর্শন এবং মৎস্য চাষীদের মাছ চাষ সম্পর্কে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর |
| ৮। **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নড়াইল সদর |
| ৯। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ১০। **উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর সভায় জানান যে, বর্তমানে নড়াইল খাদ্য গুদামে ধান-৫২৬.৪৪০ মে: টন, চাল-৩২৬৩.৩১০ মে: টন, গম-৩৫১.৮৭৭ মে: টন এবং খালি বস্তা-১,৩০,৪৯৩ খানা মজুদ আছে। এছাড়া খাদ্য শস্য সংগ্রহ লক্ষ্যমাত্রা বোরো সিদ্ধ চাল ২৫০৯.০০০ মে:টন, অর্জন-২৪২৬.৫৯০ মে:টন, সংগ্রহ মূল্য-৪০/-টাকা, ধান-৩০৫৫.০০০ মে:টন, অর্জন-১৫৬৩.০০০ মে:টন, সংগ্রহ মূল্য-২৭/-টাকা, আতপচাল ৫৪.৯৯০ মে:টন, অর্জন ৫৪.৯৬০ মে:টন, সংগ্রহ মূল্য- ৩৯/- টাকা। চাল কল লাইসেন্সধারী ৩৩টি চুক্তিবদ্ধ ২৬টি এবং চুক্তির পরিমাণ ২৫০৮.৯৯০ মে:টন। ইস্যুকৃত ডিও'র অনুকূলে বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ চাল খাতভিত্তিক ইপি-৩৯.৪২৯ মে:টন, ওপি-৬.০০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন, ওএমএস-১২০.০০০ মে:টন, জিআর-৪৪.০০০ মে:টন, ভিজিডি-৫০.২৫০ মে:টন এবং খাদ্যবান্ধব- ২২০.০৮০ মে:টন। গম খাতভিত্তিক ইপি-৩৬.৭৪০ মে:টন, ওপি- ০.৮০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন এবং আটাকল- ১০৫.৪২০ মে:টন। এছাড়া বিভিন্ন খাদ্য সামগ্রীর বাজার দর চাল মোটা-৪৪/--৪৫/- টাকা, চাল মাঝারী-৫৮/--৬০/- টাকা, চাল সরু-৭০/--৮০/- টাকা, ধান মোটা-২৬/--২৭/- টাকা, ধান মাঝারী-৩৫/- -৩৬/- টাকা, আটা লুজ-৫৪/--৫৬/- টাকা, আটা প্যাকেট-৫৮/--৬০/- টাকা, চিনি-১০০/--১০৫/- টাকা, ডাউল মুশুরি-১০০/--১০৫/- টাকা, সয়াবিন তেল-১৮০/--১৮৫/- টাকা এবং সরিষার তেল-২২৫/--২৩৫/- টাকা। তিনি আরও জানান খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমে ৮৫৫৪টি কার্ডের মধ্যে ৭৪১৯ টি কার্ড চূড়ান্তভাবে যাচাই সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১১৩৫টি কার্ডের বিপরীতে নতুন সুবিধাভোগীর তালিকা দেয়ার জন্য ২২/১০/২০২ খ্রি. তারিখ ইউপি চেয়ারম্যানদের ই-মেইল এর মাধ্যমে জানানো হয়েছে। কিন্তু সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে এখনও কোন তালিকা পাওয়া যায়নি। | আলোচনান্তে খাদ্য বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা করা, খাদ্যবান্ধব কর্মসূচির অবশিষ্ট কার্ডের ডিজিটাল ডাটাবেজ প্রস্তুত করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল |
| ১১। **যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম এবং অন্যান্য কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নড়াইল সদর |
| ১২। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| ১৩। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পাঠদান চলছে। ২০২২ সালের ব্যানবেইজ জরিপ কার্যক্রম চলমান আছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করার পর সনদপত্র জমা নেয়ার কাজ চলছে। গত ২৭/১০/২০২২ খ্রি. তারিখে জাতীয় শিক্ষক দিবস যথাযথ মর্যাদায় উদযাপন হয়েছে। উপজেলা আইসিটি ভবনের (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) নির্মাণ কাজ চলমান। তিনি আরও জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ১৪। **বাংলাদেশ পল্লী উন্নয়ন বিভাগ (পল্লী জীবিকায়ন কর্মসূচি):**<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (অ:দা:), পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর সভায় জানান যে, তার কার্যালয় হতে অক্টোবর/২০২২ মাসে সমিতির সদস্যদের মাঝে কোন ঋণ বিতরণ করা হয়নি। ঋণ আদায় হয়েছে ১৫.০৩ লক্ষ টাকা, শেয়ার আদায় হয়নি এবং সঞ্চয় আদায় হয়েছে ০.০৩ লক্ষ টাকা। মাস শেষে খেলাপী ঋণের পরিমাণ ৩৪.০৭ লক্ষ টাকা। | আলোচনান্তে পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণ আদায়ের গতি বৃদ্ধিকরণ, করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, বি,আর,ডি,বি, নড়াইল সদর |



8

| | | |
|---|---|---|
| ১৫। **পরিসংখ্যান বিভাগ:** উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, Sample Vital Registration (SVSB) প্রকল্পের অধীন Sample Vital Registration System জরিপ এর তথ্য সংগ্রহ কাজ প্রতি মাসের ০১-১৫ তারিখের মধ্যে করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং এর মূল্য ও মজুরি শাখার বিভিন্ন সূচকের (দরছকের মাধ্যমে) তথ্য সংগ্রহের কাজ প্রতি মাসের ১২-১৮ তারিখের মধ্যে করা হয়। CAPI পদ্ধতিতে হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেনডিচার সার্ভে (HIES) ২০২২ এর লিস্টিং কার্যক্রম এবং CAPI অ্যাপ্লিকেশনের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ ০৯/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। CAPI পদ্ধতিতে শ্রম শক্তি জরিপ এবং জাতীয় শিশুশ্রম জরিপের লিস্টিং কার্যক্রম ০১/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। বার্ষিক কৃষি পঞ্জিকার মাধ্যমে মাসব্যাপী বিভিন্ন প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ করা হয়। তিনি আরও জানান CAPI পদ্ধতিতে শ্রম শক্তি জরিপ এবং জাতীয় শিশুশ্রম জরিপের লিস্টিং কার্যক্রম ০১/১১/২০২১ খ্রি. তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। | উপজেলা পরিসংখ্যান বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর |
| ১৬। **উপজেলা রিসোর্স সেন্টার:**<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা রিসোর্স সেন্টারের কাজকর্ম ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয় | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর |
| ১৭। **মহিলা বিষয়ক অধিদপ্তর:** উপপরিচালক (অ:দা:), মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল সভায় জানান জুলাই/২০২২ মাস পর্যন্ত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় নড়াইল সদর উপজেলায় ৮৫৫ জনকে (ক্রমপুঞ্জিত) ৫২২৪০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং অক্টোবর/২০২২ মাসে ঋণ আদায় হয়েছে ৮,০০০/-টাকা। ২০২১-২০২২ ভিজিডি চক্রের আওতায় নড়াইল সদর উপজেলার ১৩টি ইউনিয়নে ১৬৭৫ জন উপকারভোগীর মাঝে অক্টোবর/২০২২ মাসে ভিজিডি'র খাদ্য বিতরণ করা হয়েছে। নড়াইল সদর উপজেলা ১৩টি ইউনিয়নের প্রতিটিতে ১৫৬ জন করে সর্বমোট ২০২৮ জন চলমান মাতৃত্বকাল ভাতাভোগী আছে এবং জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত উক্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। এছাড়াও ভাতাভোগীদেরকে এনজিওর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। নড়াইল পৌরসভায় "কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ১১০০ জন ভাতাভোগী আছে এবং জানুয়ারি/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। নড়াইল সদর উপজেলায় ৩০টি স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন আছে। সক্রিয় সংগঠনগুলি যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কাজ করছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল এর কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত তিন মাস মেয়াদে ৫টি ট্রেডে ১০ জন করে মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ১৪টি কিশোর-কিশোরী ক্লাব আছে। ক্লাবে আগত কিশোর কিশোরীদেরকে সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক, জেন্ডার প্রমোটার মাধ্যমে সাংস্কৃতিক চর্চাসহ জেন্ডার বিষয়ক পরামর্শ দেয়া হয়। তিনি আরও জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করা, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল |
| ১৮। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ক্যাটাগরিতে মোট সমবায় সমিতির মোট সংখ্যা ৫৭২টি। এ মাস পর্যন্ত অডিট সম্পাদন হয়েছে ২১টি। ২০২০-২০২১ অর্থ বছরে অডিট ফি আদায়- ৩৮,৭০০/- এবং সিডিএফ আদায় হয়েছে ১৫,১২৫/- টাকা। চিত্রা আশ্রয়ণ প্রকল্পে মোট ঋণ বিতরণ ৩০,২৩,০০০/- টাকা এবং মোট ঋণ প্রাপ্তি ১৪,০০,০০০/-টাকা। সেপ্টেম্বর/২০২২ মাসে ঋণ আদায় ১৪৪০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায় ২১,৬৯,৪৭০/-টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ৮,৫৩,৫৩০/- টাকা। ঋণ আদায়ের হার ৬৬%। গোপীকান্তপুর আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর আওতায় মোট ঋণ বিতরণ ১২,১০,৫০০/- টাকা এবং ঋণ প্রাপ্তি ৬,৩০,০০০/- টাকা। সেপ্টেম্বর/২০২২ মাসে ঋণ আদায় ৬,৯০০/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৮,২৮,৭৯৪/- টাকা। অনাদায়ী ঋণের পরিমাণ ৩,৮১,৭০৬/-টাকা। ঋণ আদায়ের হার ৬৩%। | আলোচনান্তে সমবায় বিভাগের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও বিতরণকৃত ঋণ আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ১৯। **বীজ বিভাগ:**<br>সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বোরো ধান বীজ বিতরণ মৌসুমে শীতকালীন সবজি বীজ ডাল-তৈল বীজ ২২৮.৫০০ কেজি বরাদ্দ পাওয়া গেছে এবং বিক্রয় কার্যক্রম চলমান আছে। বোরো মৌসুমের বোরো ধান বীজের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে সংশ্লিষ্টদের অবহিত করা হবে। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে বিএডিসি বীজ বিভাগের বীজ বিতরণ কার্যক্রম এবং দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র,সহকারী পরিচালক, বীজ বিপণন, নড়াইল সদর |
| ২০। **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার নড়াইল সদর |
| ২১। **জনস্বাস্থ্য বিভাগ:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল সভায় তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের অক্টোবর/২০২২ মাসের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের মাসিক অগ্রগতি সম্পর্কে জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরণের নলকূপ স্থাপন কাজ কেরিডওভার বরাদ্দ-৬৭০টি, অগ্রগতি ৪৬%, অবশিষ্ট কাজ চলমান আছে। আশ্রয়ণ প্রকল্প (পানির উৎস/নলকূপ স্থাপন কাজ) ৬ নং অগভীর নলকূপ, ৬নং গভীর নলকূপ ও তারা গভীর নলকূপ ৩য় ফেজে নির্মানাধীন ঘরের জন্য পানির উৎস/নলকূপ স্থাপন কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দ্বিতল ওয়াশব্লক ১১টি। কাজের অগ্রগতি ৩০%, পানির উৎস টিএসপি ০৪টি, অগ্রগতি ৫০%, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ৭টি, অগ্রগতি ৮৫%, ৫টি হস্তান্তর করা হয়েছে। পানির উৎস টিএসপি-এ ৩৮টি, অগ্রগতি ৩৮টি, অবশিষ্ট কাজ চলমান আছে। NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ১টি, অগ্রগতি ৭৫%, অবশিষ্ট কাজ চলমান আছে। পানির উৎস টিএসপি-এ ১৫টি, অগ্রগতি ১৫টি, অবশিষ্ট কাজ চলমান আছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন, গভীর ও অগভীর নলকূপ স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব নিশ্চিতকরণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল |
| ২২। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নড়াইল সদর |
| ২৩। **উপজেলা নির্বাচন বিভাগ:**<br>উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা নির্বাচন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ২৪। **বন বিভাগ:** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল সভায় জানান যে, করাত কল বিধিমালা-২০১২ অনুযায়ী অবৈধ করাতকল উচ্ছেদের চলমান অভিযান আরও জোরদার করার লক্ষ্যে অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ না দেয়াসহ সংযোগ থাকলে তা বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (ওজোপাডিকো/পল্লী বিদ্যুৎ সমিতি) প্রতি অনুরোধ জানান এবং অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনারর জন্য তিনি সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ জানান। তিনি আরও জানান বৃক্ষরোপনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য ৭টি শ্রেণিতে "বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২" প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানগণকে নির্ধারিত ফরমে (ছবিসহ) আগামী ৩০/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে বন বিভাগ, নড়াইলে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র জমা দেয়ার জন্য অনুরোধ জানান। | আলোচনান্তে বন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ "বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২" প্রদানে আবেদন আহবানের বিষয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ ইউনিয়ন পরিষদ/ উপজেলা পরিষদ/জেলা পরিষদ/ এনজিও/ক্লাব/স্বেচ্ছাসেবি সংস্থা/ব্যক্তি মালিকাধীন নার্সারী এবং ব্যক্তি পর্যায়ে বৃক্ষরোপনে উৎসাহীদের মধ্যে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল |
| ২৫। **পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন:** উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| **২৬। উপজেলা প্রকৌশল বিভাগ:** (ক) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের ১ম কিস্তিতে নড়াইল সদর উপজেলায় ১৮,৯৮,০০০/- (আঠারো লক্ষ আটানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির ছাড়কৃত অর্থের অনুরূপ আরো ৩টি কিস্তিতে পর্যায়ক্রমে অর্থ বরাদ্দ পাওয়া যাবে। ফলে মোট ৪ কিস্তির সম্ভাব্য বরাদ্দের পারিমাণ বিবেচনায় নিয়ে প্রকল্প বাছাই এবং ড্রইং ও প্রাক্কলন প্রস্তুতসহ ক্রয় প্রক্রিয়ার ধাপগুলো সম্পন্ন করা প্রয়োজন। তিনি জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রকল্প জরুরিভিত্তিতে দাখিল করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) সভায় আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, বিভিন্ন বিভাগের প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে জরুরিভিত্তিতে উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর |
| (খ) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য ই-জিপি দরপত্র বিজ্ঞপ্তি জারি করা হয়। দরপত্র বিজ্ঞপ্তি ই-জিপির মাধ্যমে হওয়ায় সকল দরপত্র সিডিউল ব্যাংকের মাধ্যমে বিক্রয় হয় এবং বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে সরাসরি জমা হয়। সিডিউল বিক্রয়ের কোন অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা না হওয়ার কারণে দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২০২২ এর ”দৈনিক মানব জমিন” পত্রিকার বিজ্ঞাপন বিল ২১,৭৩৫/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকা, “দি নিউ নেশন” পত্রিকার বিজ্ঞাপন বিল-১৩,৪৮৫/-(১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকা ও “দৈনিক ওশান” পত্রিকার বিজ্ঞাপন বিল ৫,৫২০/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকা এবং দরপত্র বিজ্ঞপ্তি নং-০৪/২০২১-২০২২ এর ’দৈনিক আমাদের সময়’ পত্রিকার বিজ্ঞাপন বিল ১৮,৬৩০/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকা ’দি বাংলাদেশ টুডে’ পত্রিকার বিজ্ঞাপন বিল ১৪,৮৪৯/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) এবং “দৈনিক ওশান” পত্রিকার বিজ্ঞাপন বিল ৫,৭৬০/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকা। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর পুরাতন বাসভবন নিলামে বিক্রয়ের জন্য নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২২ এর “দৈনিক ওশান” পত্রিকার বিজ্ঞাপন বিল ৪,৮১৬/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকা এবং উপজেলা পরিষদের পরিত্যক্ত আবাসিক কোয়াটার কুহেলিকা ও অনামিকা ভবন নিলামে বিক্রয়ের জন্য নিলাম বিজ্ঞপ্তি নং-০৩/২০২১-২২ এর “দৈনিক ওশান” পত্রিকার বিজ্ঞাপন বিল ৫,৫২০/- (১৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকাসহ মোট পত্রিকার বিজ্ঞাপন বিল ৮৯,৯১৫/-(উননব্বই হাজার নয়শত পনেরো) টাকা এবং দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২০২২ ও ০৪/২০২১-২০২২ এবং নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২২ ও ০৩/২০২১-২২ এর প্রাক্কলন, টেন্ডার নোটিশ ও অন্যান্য কাগজ পত্রাদি প্রস্তুত বাবদ আনুষঙ্গিক বিল ৩০,০০০/- (৭.৫% ভ্যাট ও ৩% আয়করসহ) টাকাসহ সর্বমোট বিল (৮৯,৯১৫/-+৩০,০০০/-) ১,১৯,৯১৫/- (এক লক্ষ উনিশ হাজার নয়শত পনেরো) টাকা সিডিউল বিক্রয়ের টাকা হতে পরিশোধ করা সম্ভব হয়নি। উক্ত টাকা পরিশোধ করা প্রয়োজন। পত্রিকার বিজ্ঞাপন বিল এবং আনুষঙ্গিক বিলের টাকা পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকের মাধ্যমে দরপত্র সিডিউল বিক্রয়লব্ধ অর্থ সরাসরি সরকারি কোষাগারে জমা হওয়ায় সিডিউল বিক্রয়ের কোন অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা না হওয়ার কারণে ই-জিপি দরপত্র বিজ্ঞপ্তি প্রচারের জন্য সংবাদপত্রসমূহের বিজ্ঞাপন বিল ও আনুষঙ্গিক বিল (ভ্যাট ও আয়করসহ) এবং উপজেলা পরিষদের পুরাতন ও পরিত্যক্ত ভবনসমূহ নিলাম বিক্রয়ের লক্ষ্যে নিলাম বিজ্ঞপ্তির পত্রিকার বিল ও আনুষঙ্গিক বিলসহ সর্বমোট ১,১৯,৯১৫/- (এক লক্ষ উনিশ হাজার নয়শত পনেরো) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল<br><br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর নড়াইল |
| (গ) উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে যথাক্রমে ১. উপজেলা পরিষদের গণওয়াশরুম ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়াশরুম সংস্কারের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার এবং ২. উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের কার্যালয় সংস্কারের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার পৃথক পৃথক দুইটি প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। উক্ত প্রকল্প দুইটি বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে সভায় উপস্থাপিত যথাক্রমে ১. উপজেলা পরিষদের গণওয়াশরুম ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়াশরুম সংস্কারের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং ২. উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের কার্যালয় সংস্কারের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকাসহ সর্বমোট ৪,০০,০০০/- টাকার দুইটি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং জরুরিভিত্তিতে উক্ত প্রকল্প দুইটি বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে পৃথক দুইটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।<br><br>১.<br>১) চেয়ারম্যান,তুলারামপুর ইউপি, নড়াইল সদর-সভাপতি<br>২) চেয়ারম্যান, মুলিয়া ইউপি, নড়াইল সদর- সদস্য<br>৩) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, নড়াইল সদর-সদস্য<br>৪) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৫) উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর- সদস্য<br>৬) উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর - সদস্য<br>৭) চেয়ারম্যান,মাইজপাড়া ইউপি,নড়াইল সদর-সদস্য সচিব | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর<br><br>সংশ্লিষ্ট কমিটি |

২.
১) চেয়ারম্যান,বিছালী ইউপি, নড়াইল সদর- সভাপতি
২) চেয়ারম্যান, শাহাবাদ ইউপি, নড়াইল সদর- সদস্য
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,নড়াইল সদর- সদস্য
৪) উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর- সদস্য
৫) উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর- সদস্য
৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর- সদস্য
৭) চেয়ারম্যান,শেখহাটী ইউপি,নড়াইল সদর-সদস্য সচিব

গঠিত কমিটিসমূহকে দ্রুত প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।

২৭। (ক) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর/২০২২ মাসের এবং ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২২ ও অক্টোবর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল নিম্নোক্তভাবে পাওয়া গেছে।

| ক্র নং | নাম ও পদবি | মাসের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ নিজাম উদ্দিন খান নিলু চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর | অক্টোবর/২০২২ | ১৩,১২৫/- |
| ২ | জনাব ইসমত আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর | অক্টোবর/২০২২ | ৮,৫০০/- |
| ৩ | জনাব তোফায়েল মাহমুদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর | সেপ্টেম্বর/২০২২ | ৮,৫০০/- |
| | | অক্টোবর/২০২২ | ৮,০০০/- |
| | | মোট= | ১৬,৫০০/- |

আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অক্টোবর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল-১৩,১২৫/-(তেরো হাজার একশত পঁচিশ) টাকা, মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল- ৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা এবং ভাইস চেয়ারম্যান এর যথাক্রমে সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল-৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা ও অক্টোবর/২০২২ মাসের ভ্রমণভাতা বিল-৮,০০০/-(আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ

উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর

(খ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে পুরাতন বাসভবনটি নিলামে বিক্রয় করা হয় এবং নিলাম ক্রেতা কর্তৃক ভবনটি অপসারণের সময় পানির পাম্পসহ পানির লাইন সম্পূর্ণভাবে বিনষ্ট হয়। ইতোমধ্যে নতুন বাসভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত ভবনে পানি সরবরাহ অব্যাহত রাখতে পানির পাম্প ক্রয় এবং পানির লাইন স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(খ) আলোচনান্তে উপজেলা নির্বাঞী অফিসারের নতুন নির্মিত বাসভবনে পানি সরবরাহ অব্যাহত রাখতে পানির পাম্প ক্রয়সহ নতুন পানির লাইন স্থাপনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ

উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর

২৮। উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল, উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আনুষজ্ঞিক ও আপ্যায়ন খরচ বিল, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের সেপ্টেম্বর/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় এবং মেরামত বিল, শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষ্যে ফুলের ডালা তৈরি বিল এবং আনসার ব্যারাকের সেপ্টেম্বর/২০২২ মাসের বিদ্যুৎ বিল অনুমোদন প্রসংগে।

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা পরিষদের মালির সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল | ১১,৫৫০/- |
| (খ) | উপজেলা পরিষদের পরিচ্ছন্ন কর্মীর সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল | ১১,৫৫০/- |
| (গ) | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আনুষজ্ঞিক খরচ বিল | ৫,০০০/- |
| (ঘ) | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আপ্যায়ন খরচ বিল | ৩০,০০০/- |
| (ঙ) | আনসার সদস্যদের সেপ্টেম্বর/২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় এবং মেরামত বিল | ৭,০১০/- |
| (চ) | শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষ্যে ফুলের ডালা তৈরি বিল | ৪,২০০/- |
| (ছ) | আনসার ব্যারাকের সেপ্টেম্বর/২০২২ মাসের বিদ্যুৎ বিল | ২,২০৭/- |

আলোচনান্তে উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর সেপ্টেম্বর/২০২২ মাসের দৈনিক মজুরি বিল যথাক্রমে ১১,৫৫০/- টাকা ও ১১,৫৫০/- টাকা, উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আনুষজ্ঞিক খরচ বিল-৫,০০০/- টাকা ও আপ্যায়ন খরচ বিল-৩০,০০০/- টাকা, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের সেপ্টেম্বর২০২২ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় এবং মেরামত বিল-৭,০১০/- টাকা, শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষ্যে ফুলের ডালা তৈরি বিল-৪,২০০/-টাকা এবং আনসার ব্যারাকের সেপ্টেম্বর/২০২২ মাসের বিদ্যুৎ বিল-২,২০৭/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
নড়াইল সদর

উপজেলা নির্বাহী অফিসার,
নড়াইল সদর

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/১০/২০২২

মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০১.০৩৩.২২-৯৪২(৫০) তারিখ : ৩০/১০/২০২২ খ্রি.

<u>অনুলিপি-সদয় জ্ঞাতার্থে-</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১
৩. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৪-নড়াইল-২
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৭. জেলা প্রশাসক, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে-

৮. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১০. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১১. উপজেলা........................................................ অফিসার, নড়াইল সদর, নড়াইল
১২. চেয়ারম্যান .................................................... ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল

৩০/১০/২০২২

সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

৩০/১০/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:

| উপস্থিত সদস্য | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|
| ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল |
| ২. উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল | ২. চেয়ারম্যান, বিছালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৩. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৪. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৪. উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৫. চেয়ারম্যান, মাইজপাড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৫. উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৬. চেয়ারম্যান, হবখালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৬. ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইল |
| ৭. চেয়ারম্যান, চন্ডিবরপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৭. উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, নড়াইল সদর |
| ৮. চেয়ারম্যান, আউড়িয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ৯. চেয়ারম্যান, শাহাবাদ ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১০. চেয়ারম্যান, তুলারামপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর,নড়াইল | |
| ১১. চেয়ারম্যান, শেখহাটী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১২. চেয়ারম্যান, কলোড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৩. চেয়ারম্যান, সিংগাশোলপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর | |
| ১৪. চেয়ারম্যান, ভদ্রবিলা ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৫. চেয়ারম্যান, বাঁশগ্রাম ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৬. চেয়ারম্যান, মুলিয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৮. উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৯. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২০. উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২১. উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল | |
| ২২. অফিসার-ইনচার্জ, নড়াইল সদর থানা, নড়াইল | |
| ২৩. উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৪. উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৫. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৭. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর | |
| ২৮. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩০. উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল | |
| ৩২. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল পক্ষে প্রতিনিধি | |
| ৩৩. উপজেলা প্রকল্প কর্মকর্তা,পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর | |
| ৩৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল | |
| ৩৫. সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর | |
| ৩৬. উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩৭. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩৮. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল | |
| ৩৯. উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র, নড়াইল সদর, নড়াইল | |
| ৪০. ইউডিএফ, ইউজিডিপি, নড়াইল সদর, নড়াইল | |